# কওমি মাদরাসার মাস্টার্স সনদের বৈধতার বিরুদ্ধে রিট খারিজ

**নিজস্ব প্রতিবেদক ▷**

কওমি মাদরাসার দাওরায়ে হাদিসের (ইসলামিক স্টাডিজ ও আরবি) সনদকে মাস্টার্সের সমমান দিয়ে জারি করা গেজেটের বৈধতা চ্যালেঞ্জ করে দাখিল করা রিট আবেদন উত্থাপিত হয়নি মর্মে খারিজ করেছেন হাইকোর্ট। বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খানের হাইকোর্ট বেঞ্চ গতকাল সোমবার এ আদেশ দিয়েছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ গত ১৩ এপ্রিল কওমি মাদরাসার সর্বোচ্চ সনদকে সাধারণ শিক্ষার স্নাতকোত্তর (মাস্টার্স) ডিগ্রির স্বীকৃতি দিয়ে গেজেট জারি করে। ওই গেজেটে বলা হয়, 'কওমি মাদরাসার বৈশিষ্ট্য বজায় রেখে ও দারুল উলুম দেওবন্দের মূলনীতিগুলোকে ভিত্তি ধরে কওমি মাদরাসার দাওরায়ে হাদিসের সনদকে মাস্টার্সের (ইসলামিক স্টাডিজ এবং আরবি) সমমান প্রদান করা হলো।'


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং....................
তারিখ....................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর